দৈনিক সংবাদ
তারিখ 24 NOV 1991
পৃষ্ঠা ২ কলাম ২

77

ক্যাম্পাসে শিবিরের আধিপত্য ।। পরিস্থিতি উত্তেজনাপূর্ণ

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে লাগাতার ছাত্র ধর্মঘট

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৩শে নভেম্বর।—চাকসু এ সর্বদলীয় ছাত্র ঐক্য আহূত লাগাতার ছাত্র ধর্মঘটের প্রথম দিন আজ শনিবার শান্তিপূর্ণভাবে পালিত হয়েছে। ছাত্রনেতা ফারুক হত্যার আসামীদের গ্রেফতার, ৬৩ জন গ্রেফতার প্রাপ্ত শিবিরকর্মীকে বহিষ্কার এবং উপাচার্য ভবনে হামলাকারীদের গ্রেফতারের দাবীতে এ ধর্মঘটের ডাক দেয়া হয়।

ধর্মঘট চলাকালে আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে কোনো ক্লাশ হয়নি। ধর্মঘটে সাড়া দিয়ে সাধারণ শিক্ষকেরা ক্লাশ নেয়া থেকে বিরত থাকেন। ধর্মঘটের সময় বিশ্ববিদ্যালয় ও শহরে পৃথক ছাত্র-গণ জমায়েত অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয় ১নং গেটে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন মোকাদ্দেস আলী মজুমদার শাহীন, অনুপ খাস্তগির ও মুজিবুর রহমান শিবলু। চট্টগ্রাম রেল

চট্টগ্রাম ঃ পৃঃ ১১ কঃ ৩

## চট্টগ্রাম ঃ চাকসু ও সর্বদলীয় ছাত্রঐক্যের ডাকে ধর্মঘট

(১ম পাতার পর)

স্টেশনের সমাবেশে জয়জিৎ বড়ুয়া, আজিমউদ্দিন আহমেদ, মনজুর আলম শাহীন ও মাহবুবুর রহমান বক্তৃতা করেন।

এদিকে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে এখনো উত্তেজনাপূর্ণ পরিস্থিতি বিরাজ করছে। ছাত্র শিবির ও সিরাজুস সালেহীন বাহিনীর সদস্যরা ক্যাম্পাস ও হলে একচেটিয়া আধিপত্য কায়েম করেছে। সশস্ত্র শিবির কর্মীদের মাধ্যমে ক্যাম্পাস ও হলগুলোতে নিয়মিত টহলদানের ব্যবস্থা করা হয়েছে। নিরাপত্তার আশংকায় প্রভোস্ট ও হাউস টিউটররা দায়িত্ব পালনের জন্য হলে যেতে পারছেন না। রাতে ফাঁকা গুলির আওয়াজ শোনা যাচ্ছে বলে একজন আবাসিক শিক্ষক জানান।

### শিক্ষক সমিতির সভা

আজ শনিবার বিকেলে শহরস্থ বিশ্ববিদ্যালয় ক্লাবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক সভা সমিতির সভানেত্রী প্রফেসর হামিদা বানুর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত প্রস্তাবে গত ১৮ ও ২০শে নভেম্বর 'চিহ্নিত সন্ত্রাসী ছাত্র সংগঠন' কর্তৃক উপাচার্যের বাসভবনে হামলা, ভাংচুর, প্রাণনাশের হুমকি ও ডেপুটি রেজিস্ট্রারের ওপর হামলার এবং প্রায় ৫০ লাখ টাকার মূল্যবান সম্পদ নষ্টের তীব্র নিন্দা জানানো হয়।

### ফজলী হোসেন বিজ্ঞান অনুষদের ডীন নির্বাচিত

গণিত বিভাগের শিক্ষক প্রফেসর ফজলী হোসেন আজ শনিবার সকাল ৮টায় বিজ্ঞান অনুষদের ডীন হিসেবে যোগদান করেছেন। এর আগে রেজিস্ট্রার স্বাক্ষরিত গত ২০শে নভেম্বরের এক পত্রে (স্মারক নং ৮৪৩৫/জি-১৭২/সাধারণ) তাকে বিজ্ঞান অনুষদের ডীন হিসেবে নিয়োগের কথা জানানো হয়।